চুয়াডাঙ্গায় জেলা ছাত্রলীগের সাবেক সভাপতিসহ ৭৭ জন নামে সদর থানায় মামলা

চুয়াডাঙ্গায় ৪ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নারী শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় মামলা হয়েছে। আজ বৃহস্পতিবার (৩ অক্টোবর) বিকেলে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী হাসনা জাহান খুশবু বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলাটি দায়ের করেন।

এ মামলায় চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দ্দার অনিককে প্রধান আসামি করে ৭৭ জনের নাম উল্লেখ করা হয়েছে। এছাড়াও অজ্ঞাত আরও ১৪০-১৫০ জনকে আসামি করা হয়েছে।

মামলার এজাহারে অন্যতম আসামিদের মধ্যে রয়েছেন-চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মো. জানিফ, সাবেক সহ-সভাপতি শাহাবুল হক, চুয়াডাঙ্গা জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক আহবায়ক ও সাবেক পৌর মেয়র ওবাইদুর রহমান চৌধুরী জিপু, সাবেক পৌর কাউন্সিলর মাফিজুর রহমান মাফি, ছাত্রলীগ নেতা সোয়েন রিগান, ইমদাদুল হক আকাশ ও চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি আফরোজা পারভিন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাথে একাত্মতা ঘোষণা করে গত ৪ আগস্ট চুয়াডাঙ্গায় আন্দোলনে নামে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা।

এসময় ছাত্রলীগের নেতা-কর্মীরা দেশীয় ধারালো অস্ত্র রাম দা, হাতকুড়াল, হকিস্টিক ও জিআই পাইপ দিয়ে শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। ওই সময় তাদের আঘাতে তিন নারী শিক্ষার্থী মারাত্মকভাবে জখম হন। পরে তারা ককটেল বিষ্ফোরণ করে চলে যায়। এ ঘটনার প্রায় দুই মাস পর চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করলেন ভুক্তভোগী শিক্ষার্থী হাসনা জাহান খুশবু।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ সেকেন্দার আলী বিষয়টি নিশ্চিত করে বলেন, গত ৪ আগস্ট বৈষম্যবিরোধী আন্দোলনের সময় শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় একটি মামলা রেকর্ড হয়েছে।

দ্রুতই আসামিদের গ্রেফতার করা হবে বলে তিনি জানান।